



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)  
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



বিষয়ঃ পিআইবি'র ইনোভেশন টিমের সেপ্টেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	ফায়জুল হক পরিচালক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব
সভার তারিখ	৩০.০৯.২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১০:৩০
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুসারে দফাওয়ারি কার্যক্রম উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন), চ.দা-কে আহ্বান জানান। সেই অনুসারে উপপরিচালক (প্রশাসন), চ.দা সকল কার্যক্রম ক্রমানুসারে উপস্থাপন করেন।

ইনোভেশন টিমের সদস্য ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অ.দা) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা জানান, পিআইবি ইনোভেশন টিমের আগস্ট ২০২০ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২০-২০২১ গত মাসে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া গত সভার সিদ্ধান্ত অনুযায়ী দুটি উদ্ভাবন প্রস্তাব গ্রহণ করা হয়েছে। এগুলো হলো “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ” ও “পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরি”।

এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ” বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সিনিয়র প্রশিক্ষক (চলতি দায়িত্ব) জনাব মোহাম্মদ আবদুল মান্নানকে অনুরোধ করা হয়। এছাড়া পিআইবি'র মোবাইল অ্যাপস তৈরির নিমিত্ত ডাটা সংগ্রহ ও অ্যাপস এর কন্টেন্ট নির্ধারণের জন্য সকল বিভাগ থেকে প্রতিনিধি নিয়ে একটি কমিটি করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

সভাপতি জানান, তথ্য মন্ত্রণালয়ের পত্রের পরিপ্রেক্ষিতে আগামী ৮ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর ৪.১.১ অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালায় অংশগ্রহণের জন্য পিআইবি'র সহ-সম্পাদক (প্রকাশনা) জনাব আকিল-উজ-জামান খান-কে মনোনয়ন দেয়া হয়েছে।

ইনোভেশন টিমের সদস্য ও উপপরিচালক (প্রশাসন), চ.দা মো. জাকির হোসেন বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর ৫.১.১ অনুযায়ী পিআইবি'র কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারনা আহ্বানের জন্য ১০ (দশ) দিনের সময় দিয়ে একটি নোটিশ জারি করা যেতে পারে। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

তাছাড়া বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর ১২.১.১ অনুযায়ী সেবা সহজিকরণ এর আওতায় একটি বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরি করে তা ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে।

ইনোভেশন টিমের সদস্য ও সিনিয়র প্রশিক্ষক (চলতি দায়িত্ব) জনাব মোহাম্মদ আবদুল মান্নান জানান, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পিআইবি ট্রেনিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (PIBTMIS) সফটওয়্যারের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য ইতিমধ্যে নোট অনুমোদনের মাধ্যমে সংশ্লিষ্টদের দায়িত্ব প্রদান করা হয়েছে। সে অনুযায়ী কাজ চলমান রয়েছে। এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে সভাপতি উক্ত নোটের আলোকে একটি অফিস আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন।

ইনোভেশন টিমের সদস্য ও গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চলতি দায়িত্ব ড. কামরুল হক জানান, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিকায়নের বিষয়ে বিভিন্ন তথ্য সংগ্রহের কাজ চলছে। এ বিষয়ে প্রস্তাব চূড়ান্ত করতে আরো কিছুদিন সময় প্রয়োজন। এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে সভাপতি বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিকায়নের বিষয়ে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে প্রস্তাব জমা দেয়ার অনুরোধ জানান।

দীর্ঘ আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ	১।	পিআইবি'র কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বানের জন্য ১০ (দশ) দিনের সময় দিয়ে একটি পত্র জারি করা হবে।
	২।	পিআইবি'র মোবাইল অ্যাপস তৈরির নিমিত্ত ডাটা সংগ্রহ ও অ্যাপস এর কন্টেন্ট নির্ধারণের জন্য সকল বিভাগ থেকে প্রতিনিধি নিয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে।
	৩।	পিআইবি ট্রেনিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (PIBTMIS) সফটওয়্যারের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য অফিস আদেশ জারিকরা যেতে পারে।
	৪।	গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব) ড. কামরুল হক বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিকায়নের বিষয়ে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে প্রস্তাব জমা দিবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফায়জুল হক

পরিচালক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.১৭.১৮২

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৭

০৪ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মোহাম্মদ আবদুল মান্নান, সিনিয়র প্রশিক্ষক, চলতি দায়িত্ব, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ
- ২) ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চলতি দায়িত্ব, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ,
- ৩) উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব, প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৪) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব, প্রশাসন বিভাগ

মো. জাকির হোসেন

উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)